

কেস স্টাডি

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও:

পদ্মফুল জলে জন্মায়। সাধারণত পাঁকযুক্ত পুকুর হ্রদ বা জলাশয় পদ্মফুল জন্মানোর ও বেড়ে ওঠার পক্ষে আদর্শ জায়গা। পদ্মের কান্ডটি থাকে জলের নিচে পাঁকের মধ্যে, তাই পদ্মকে 'পঙ্কজ' নামেও ডাকা হয়। পদ্মের পাতা ও ফুল জলের উপর ভেসে থাকে। সবুজ পাতাগুলি বেশ বড়ো ও গোলাকার এবং পুরু। পদ্মের নলাকার ডাঁটায় থাকে ছোট ছোট কাঁটা। পদ্ম বর্ষা ও শরৎকালে ফোটে। পদ্মফুল হালকা গোলাপি, হালকা নীল ও সাদা রংয়ের হয়। পদ্মফুলে অনেকগুলি পাপড়ি থাকে। না ফোটা পথের কুঁড়ি ও ফোটা পদ্ম ফুল দুটোই দেখতে বেশ সুন্দর। যখন সরোবরের এক সঙ্গে অনেক ফুল ফোটে তখন সেখানকার সোভায় নয়ন জুড়িয়ে যায়।

প্রশ্নমালা

- ১। পদ্মফুল কোন পুজোতে বিশেষ উপকরণ হিসেবে ব্যবহার করা হয়?
- ২। পদ্মপাতা আমরা কোন কাজে ব্যবহার করে থাকি?
- ৩। বলো দেখি জলের কিনারে জন্মায় এইরকম একটি শাকের নাম লেখো।
- ৪। শরৎ কালে ফোটে অতি পরিচিত একটি ফুলের নাম লেখো।
- ৫। নীল রঙের দেখতে একটি ফুলের নাম লেখো।